



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০৪.২০.৩২৮

তারিখ: ১ আশ্বিন ১৪২৭  
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষের ১২/০২/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাটগ্রাম আদর্শ কলেজের ইসলাম শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব মো: আতাউর রহমান(ইনডেক্স : ৮৩৩০০৪) এর সাময়িক বরখাস্তকালীন সময়ের অনুভোলিত ৫০% বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন। প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্যে দেখা যায়, জনাব মো: আতাউর রহমান এর সাময়িক বরখাস্ত ও বিশেষ কারণে গত ০১/০১/২০১৪ তারিখ থেকে বেতন ভাতা বন্ধ ছিল। পরবর্তীতে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং ৮৪৪৬/২০১৭ এর আদেশ মোতাবেক ৫০% হারে খোরপোষ ভাতা দেয়া হয়। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করায় তিনি ডিসেম্বর/২০১৯ মাসে যোগদান করেন। সাময়িক বরখাস্তকালীন সময়ের অর্থাৎ জানুয়ারী/১৪ থেকে জুন/১৯ পর্যন্ত মোট ৬৬ মাসের বকেয়া বেতনভাতাদির ৫০% হারে মোট ৮,৫২,১১১/- টাকা প্রদানের জন্য আবেদন করেন।

দাবীকৃত বকেয়ার বিষয়টি নিষ্পত্তির জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন;

- (১) সাময়িক বরখাস্তকরণের আদেশের কপি ও রেজুলেশন;
- (২) সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের সিদ্ধান্তের রেজুলেশন;
- (৩) রীট পিটিশন নং ৮৪৪৬/২০১৭ এর রায়ে কপি;
- (৪) সাময়িক বরখাস্ত ও বিশেষ কারণে বেতন ভাতা বন্ধ রাখা হয়েছে এ বিষয়ে অধ্যক্ষের ব্যাখ্যা;
- (৫) ব্যাংকের ননড্রয়াল সনদ এবং ২০১৪ থেকে ২০১৯ সাল পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষকের ব্যাংকের হিসাবের বিবরণী;
- (৬) সাময়িক বরখাস্তকালীন সময়ের চাকুরির বিবরণ।

এমতাবস্থায়, উল্লেখিত রেকর্ডপত্রাদি দাখিল করার জন্যনির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৬-৯-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

অধ্যক্ষ, পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ, পাটগ্রাম,  
লালমনিরহাট।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০৪.২০.৩২৮/১(২)

তারিখ: ১ আশ্বিন ১৪২৭  
১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, পাটগ্রাম আদর্শ ডিগ্রি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট;
- ২) সংরক্ষণ নথি।

৯১৫২৪

১৬-৯-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক